

উপজেলা স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ) কেশবপুর, যশোর-এর সভার কার্য বিবরণী

সভার সভাপতিঃ- জনাব নাসিমা সাদেক
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

ও

সভাপতি, স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ)
কেশবপুর, যশোর।

স্থানঃ- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস কক্ষ, কেশবপুর, যশোর।

তারিখঃ- ২৩/০৮/২০২২ ইং, সময়ঃ- সকাল ১১-০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দঃ- “ক”- দ্রষ্টব্যঃ-

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে এবং শুভেচ্ছা বিনিময় করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ) এর সম্মানিত সদস্য- সচিব, ডাঃ মোঃ আলমগীর, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ও উহার বাস্তবায়ন সম্পর্কে সকলকে অবহিত করেন। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবার সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সম্মানিত মহিলা ভাইস চেয়ারম্যান জনাব নাসিমা সাদেক সবায়ে বলেন যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কেশবপুর, যশোর-এর সকল চিকিৎসকদের সাথে পরিচয় করানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা মহোদয় কে বলেন। হাসপাতালের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয় নিয়ে সন্তোষ প্রকাশ করেন। তাছাড়া তিনি সার্বিক সেবাদানের কাজ আরও গতিশীল করার জন্য (ইউএইচএওএফপিও) কে দৃষ্টি আকর্ষণ করেন।	সকল চিকিৎসকদের সাথে পরিচয় করানো এবং হাসপাতালের পরিষ্কার-পরিচ্ছন্নতার মান বজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর ও আবাসিক মেডিকেল অফিসার
২	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মাঠপর্যায়ে ইপিআই ও ডেঙ্গু নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। কমিউনিটি ক্লিনিকে রোগীদের নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ কার্যক্রমের আওতায় সমগ্র বাংলাদেশের স্বাস্থ্য কমপ্লেক্স-এর মধ্যে তৃতীয় স্থান এবং কমিউনিটি ক্লিনিক পর্যায়ে ১ম স্থান (একই সাথে দুইটি) অর্জনের করে স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার ২০২১ অর্জন করার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ফাইজার টিকা ২য় ডোজ প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগীতা কামনা করেন। আগামীতে প্রাইমারী পর্যায়ে করোনা টিকা দেওয়ার পরিকল্পনা চলছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে মেইন ড্রেনের পানি জমাট বেধে যাওয়ার ফলে পরিবেশ দূষণসহ হাসপাতালের সামনের অংশে পানি উঠার সম্ভাবনা আছে বলে সভায় অবহিত করলে সভার সভাপতিসহ সকল সদস্যগণ ড্রেনের পানি নিষ্কাশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কেশবপুর পৌরসভা কেশবপুর, যশোর কে অবহিত সিদ্ধান্ত গৃহীত হয়।	ফাইজার টিকা ২য় ডোজ প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের উপজেলা মাসিক সাধারণ সভায় অবহিত করা এবং হাসপাতালের অভ্যন্তরে মেইন ড্রেনের পানি নিষ্কাশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কেশবপুর পৌরসভা কেশবপুর, যশোর কে অবহিত সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, কেশবপুর পৌরসভা কেশবপুর, যশোর ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

৩	জনাব গোলাম মোস্তফা, চেয়ারম্যান, ১০ নং সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান কমিউনিটি ক্লিনিক স্থাপনের মাধ্যমে স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানো সম্ভাব হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে (হাসপাতালে) ডেলিভারী রোগীর সংখ্যা কম হওয়ায় উহা বাড়ানোর জন্য পদক্ষেপ নিতে বলেন এবং তিনি সার্বিক সহযোগীতা করবেন বলে জনন। অত্র হাসপাতালে চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদানে সন্তোষ প্রকাশ করেন। হাসপাতাল কর্তৃপক্ষসহ সকল সেবাদানকারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন।	হাসপাতালে ডেলিভারী রোগীর সংখ্যা বাড়ানো এবং স্বাস্থ্য সেবা আরোও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর।
৪	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় নতুন নির্বাচিত চেয়ারম্যানদের উদ্দেশ্যে জানান যে, প্রতিটি ইউনিয়নে একটি করে পরিবার পরিকল্পনা কমিটি রয়েছে এবং সেই কমিটির সভা যেন নিয়মিত হয় সে আহবান রাখেন।	প্রতি ইউনিয়নে পরিবার পরিকল্পনা কমিটির সভা নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান।

আর কোনগুরুত্ব পূর্ণ আলোচনা না থাকায় সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Haus.

(নাসিমা সাদেক)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

ও

সভাপতি, উপজেলা স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ)
কেশবপুর, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
কেশবপুর যশোর।

স্মারক সংখ্যাঃ- উঃ স্বঃ কমঃ/কেশবঃ/যশোর/২০২২/ ন ৫৩/ ৭

তারিখঃ-২৩/০৫/২০২২ ইং।

১। সিভিল সার্জন, যশোর।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

৩। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।

৪। জনাব নাসিমা সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, কেশবপুর, যশোর।

৫। জনাব প্রদীপ কুমার বিশ্বাস, পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কেশবপুর, যশোর।

৬। জনাব চেয়ারম্যান, ১, ২, ১০ নং ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোর।

৭। অফিস নথি, অত্র দপ্তর।

(ডাঃ মোঃ আশীমগীর)

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
কেশবপুর, যশোর।

ও

সদস্য-সচিব

স্বাস্থ্য কমিটি (পরিবার কল্যাণ)